"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

জাতীয় সম্পদ গ্যাসের
অপচয় রোধ করে

জাতীয় দায়িত্ব পালন
করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
আইটি ডিপার্টমেন্ট
www.petrobangla.org.bd

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৬৬.০৩.০০২.২০.১৩

তারিখ: ২০ বৈশাখ ১৪৩০
০৩ মে ২০২৩

বিষয়: **২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুসারে পেট্রোবাংলার অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারিদের মাসিক অবসরভাতা উত্তোলনের লক্ষ্যে আবেদন প্রক্রিয়া ডিজিটাইজেশন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক পেট্রোবাংলার সিটিজেনস্ চার্টারভুক্ত ন্যূনতম একটি সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের লক্ষ্যে পেট্রোবাংলা পর্যায়ে গঠিত ইনোভেশন টিমের সাথে পেট্রোবাংলার হিসাব বিভাগ, অবসরভাতা ট্রাস্টি এবং সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটির আহবায়ক-এর সমন্বয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক পেট্রোবাংলার অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারিদের মাসিক অবসরভাতা উত্তোলনের আবেদন প্রক্রিয়াটি অনলাইন পদ্ধতিতে প্রবর্তন করা হয়েছে। অনলাইনে আবেদনের লিংক/URL(https://docs.google.com/forms/d/e/1FAIpQLScU1vBQrr9KnCu1aWDqlvuozT9SyoSrIOb62CtYAWQfDf4xsQ/viewform)-টি পেট্রোবাংলার ওয়েবসাইটে সংযুক্ত রয়েছে।

২। এমতাবস্থায়, আলোচ্য বিষয়টি ব্যবহারে উদ্ধুদ্ধকরণ এবং প্রাপ্ত আবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত এবং অনুরোধ জানানো যাচ্ছে।

৩-৫-২০২৩
শাহনেওয়াজ পারভেজ
মহাব্যবস্থাপক (কন্ট্রাক্ট)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) মহাব্যবস্থাপক (হিসাব), পেট্রোবাংলা, ঢাকা।
২) সচিব (উর্ধ্বতন মহাব্যবস্থাপক), পেট্রোবাংলা, ঢাকা।
৩) পেট্রোবাংলার বিভাগ/ডিপার্টমেন্ট প্রধানগণ।
৪) উপ-মহাব্যবস্থাপক (হিসাব) ও ইনোভেশন টিমের

সদস্য, পেট্রোবাংলা, ঢাকা।
৫) উপ-মহাব্যবস্থাপক (অর্থ) ও সচিব (অবসরভাতা ট্রাস্ট), পেট্রোবাংলা, ঢাকা।
৬) উপ-মহাব্যবস্থাপক (নির্মাণ) ও ইনোভেশন টিমের সদস্য, পেট্রোবাংলা, ঢাকা।
৭) ব্যবস্থাপক (ভিজিলেন্স) ও ইনোভেশন টিমের সদস্য, পেট্রোবাংলা, ঢাকা।
৮) ব্যবস্থাপক (ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট) ও ইনোভেশন টিমের সদস্য, পেট্রোবাংলা, ঢাকা।
৯) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পেট্রোবাংল, ঢাকা।
১০) সহকারী ব্যবস্থাপক (হিসাব), পেনশন শাখা, পেট্রোবাংলা, ঢাকা।
১১) সহ. ব্যবস্থাপক/পিএ টু পরিচালক (প্রশাসন/অর্থ/পিএসসি/অপারেশন এন্ড মাইন্স/পরিকল্পনা), পেট্রোবাংলা, ঢাকা [পরিচালক মহোদয়ের অবহিত করার অনুরোধসহ]।
১২) সকল কর্মকর্তা
১৩) সকল কর্মচারী

## সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন-এর TCV বিশ্লেষণ:

**প্রস্তাবিত সেবা ধারণার নাম:** পেট্রোবাংলার অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের মাসিক অবসরভাতা আবেদন প্রক্রিয়া ডিজিটাইজেশনপূর্বক সহজিকরণ।

| প্রস্তাবিত ধারণার প্রচলিত পদ্ধতি | প্রস্তাবিত ধারণা | প্রস্তাবিত ধারণাটি বাস্তবায়নের ফলে সেবার Time, Cost, Visit, Quality সাথে বর্তমান প্রক্রিয়ার তুলনামূলক চিত্র |
|---|---|---|
| ক) চাকুরী হতে অবসরে গমনকারী পেট্রোবাংলার প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারী-কে মাসিক পেনশন ভাতা পাওয়ার জন্য নির্ধারিত ফরমে প্রতি মাসে আবেদন করতে হয়। উক্ত ফরমটি পূরণপূর্বক সরকারি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের কর্মকর্তা/স্থানীয় প্রতিনিধি (মেয়র/ কমিশনার/ চেয়ারম্যান/ মেম্বার) একজন কর্মকর্তার নিকট হতে প্রত্যয়ন (পেনশন গ্রহীতা জীবিত অথবা পেনশন গ্রহীতার মৃত্যু পরবর্তীতে নমিনি ২য় বিবাহ করেনি) করে নেয়ার পর তা ঢাকায় অবস্থিত পেট্রোবাংলার হিসাব বিভাগে জমা প্রদান করতে হয়। আবেদন ফরমটি স্বশরীরে পেট্রোবাংলায় উপস্থিত হয়ে অথবা পরিচিত কারো মাধ্যমে অথবা ডাকযোগে জমা প্রদান করতে হয়।<br><br>খ) আবেদনপত্র স্বশরীরে জমা প্রদান করলে যাতায়াত এবং এবং সময়ের অনেক অপচয় হয়। এছাড়া, পরিচিত কারো মাধ্যমে অথবা ডাকযোগে জমা প্রদান করা হলে তা সঠিক/নির্ধারিত সময়ে হিসাব বিভাগে জমা না হওয়ার আশঙ্কা থাকে। ফলে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ সঠিক সময়ে অবসরভাতা প্রাপ্ত হতে বঞ্চিত হন। | ১) প্রস্তাবিত ধারনায় পেট্রোবাংলার অবসরগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণ পেনশন ভাতার জন্য যে কোন অবস্থান থেকে অনলাইন প্রদ্ধতিতে আবেদন করতে পারবেন। অনলাইনে করা আবেদন তাৎক্ষনিকভাবে সরাসরি পেট্রোবাংলার হিসাব বিভাগে পৌঁছে যাবে। হাতে লেখা আবেদন করার প্রয়োজন হবে না।<br><br>২) ঢাকায় অবস্থিত পেট্রোবাংলার প্রধান কার্যালয়ে আসার প্রয়োজন হবে না বিধায় যাতায়াত ও অবস্থান খরচ এবং সময় সাশ্রয় হবে। | **Visit:**<br>❖ বর্তমান/প্রচলিত প্রক্রিয়ায় একজন সেবাগ্রহীতাকে (পেনশন গ্রহীতা) পেট্রোবাংলায় আগমন, পেনশন ভাতা ফরম সংগ্রহ, ফরমপূরণ, প্রত্যয়ন সংগ্রহ, হিসাব বিভাগে জমা প্রদান, ব্যাংকে গমন ও টাকা উত্তোলন অর্থাৎ ৬টি Visit দিতে হয়।<br>❖ পক্ষান্তরে প্রস্তাবিত প্রদ্ধতিতে শুধুমাত্র নির্ধারিত ব্যাংকে পেনশন ভাতা উত্তোলনের জন্য মাত্র ১টি Visit দিতে হবে।<br><br>**Time:**<br>বিদ্যমান ৬টি Visit এর জায়গায় ১টি Visit দিলে নিঃসন্দেহে অনেক Time কম লাগবে।<br><br>**Cost:**<br>➢ বর্তমান/প্রচলিত পদ্ধতিতে স্বশরীরে একজন সেবাগ্রহীতাকে (পেনশন গ্রহীতা) দেশের বিভিন্ন জায়াগা থেকে পেট্রোবাংলায় আসা-যাওয়া ও ঢাকায় অবস্থান করতে ভালো একটা খরচ (Cost) করতে হয়।<br>➢ পক্ষান্তরে প্রস্তাবিত পদ্ধতিতে সেবাগ্রহীতাকে ইন্টারনেট ব্যবহার বাবদ যৎসামান্য খরচ (Cost) করতে হবে যা প্রচলিত পদ্ধতির চেয়ে অনেক গুণ কম।<br><br>**Quality:**<br>প্রস্তাবিত পদ্ধতিটি নির্ভরযোগ্য এবং দুত বিধায় Quality ভালো হবে মর্মে প্রতীয়মান। |